গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

উপক্রমণিকা ........................................................................................................ ৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........................৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) .......................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .............................. ৭

সংযোজনী ১: আদ্যক্ষরাসমূহ (Acronyms) ..................................................................... ১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপন পদ্ধতি ............................ ১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................ ১২

## খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Bureau of Mineral Development)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ এর আলোকে প্রণীত খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী দেশে প্রাপ্ত সিলিকাবালু, সাধারণ পাথর/ বালুমিশ্রিত পাথর ও সাদামাটি কোয়ারী এলাকা চিহ্নিত করে গেজেটভুক্ত করা হয়েছে। উক্ত খনিজ সম্পদের অনুসন্ধান, উত্তোলন ও অপসারনের লক্ষ্যে লাইসেন্স/ইজারা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিএমডি'র দপ্তর প্রধানের পদটিকে মহাপরিচালক পদে উন্নীত করতঃ মোট ৩৮ জনে উন্নীত করা হয়েছে, যার নিয়োগ বিধিমালা, ২০১৪ ডিসেম্বর, ২০১৪ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। নিয়োগ প্রক্রিয়া চলছে। বিএমডি বিগত তিন বছরে মোট ১৪১.০০ কোটি টাকা রাজস্ব আদায় করেছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

সমস্যাঃ
(ক) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর কতিপয় বিধি প্রয়োগে জটিলতা ও অষ্পষ্টতা।
(খ) অফিসের জন্য পর্যাপ্ত স্থান সংকুলান না হওয়া।
(গ) প্রয়োজনীয় লোকবল সংকট।

চ্যালেঞ্জসমূহঃ
(ক) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ হাল নাগাদ করা।
(খ) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর নিয়োগবিধি, ২০১৪ অনুযায়ী জনবল নিয়োগ করা।
(গ) নিজস্ব অফিস ভবন স্থাপন।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র উপরোক্ত চ্যালেঞ্জসমূহ বাস্তবায়নের সাথে সাথে একটি আধুনিক ও গতিশীল সরকারি রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার জন্য নিম্মবর্ণিত প্রস্তাবনা রয়েছে।

(ক) প্রাতিষ্ঠানিক উন্নয়নঃ ডিজিট্যাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে যাবতীয় কার্যক্রম পরিচালনা ও জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে ই-গর্ভনেন্স সিস্টেম চালু করা।

(খ) শাখা অফিস স্থাপনঃ রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে খনিজ সম্পদ সংশ্লিষ্ট বিভাগীয় শহরে ব্যুরোর নিজস্ব শাখা অফিস স্থাপন করা।

(গ) মানব সম্পদ উন্নয়নঃ মানব সম্পদকে যুগোপযোগী করার লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা।

(ঘ) জেলা/উপজেলা পর্যায়ে জনসাধারনের মাঝে দেশের খনিজ সম্পদ সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

(ক) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ সংশোধন।
(খ) জনবল নিয়োগ।
(গ) নিজস্ব অফিস স্থাপন।
(ঘ) রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন।

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের ...জুন........... মাসের.......২৭..............তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

### রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

নিয়ন্ত্রিত ও উন্নত খনি ও খনিজ সম্পদ।

**১.২ অভিলক্ষ্য (Mission):**

খনি ও খনিজ (তেল, গ্যাস ও সাধারণ বালু ব্যতিত) সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ সুনিয়ন্ত্রণের মাধ্যমে দারিদ্র ও ক্ষুধামুক্ত দেশ গঠন, শিল্পায়ন, টেকসই অবকাঠামো নির্মান এবং জ্বালানি নিরাপত্তা অর্জনে সহায়ক ভূমিকা পালন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

(ক) খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ।
(খ) খনিজ সম্পদের রয়্যালটি ও সরকারী অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়।
(গ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন রোধ ।

**১.৪ কার্যাবলি (Functions):**

(ক) সারা দেশে প্রাপ্ত খনিজ সম্পদ (তেল, গ্যাস ও সাধারণ বালু ব্যতিত) এর সার্বিক ব্যবস্থাপনাসহ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদান করা।

(খ) অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ খনিজসমৃদ্ধ এলাকার রেকর্ড সংরক্ষণ।

(গ) লাইসেন্স/ ইজারার আবেদন গ্রহণ ও পরীক্ষণ।

(ঘ) আগ্রহী প্রার্থীর অনুকূলে লাইসেন্স/ ইজারা মঞ্জুর করা।

(ঙ) মঞ্জুরকৃত লাইসেন্স/ ইজারার রেকর্ড সংরক্ষণ।

(চ) খনি কার্যক্রমের অগ্রগতি ও লাইসেন্স/ ইজারাগ্রহীতা কর্তৃক বিধিবিধান প্রতিপালন সম্পর্কে তদন্ত করা।

(ছ) বিধিবিধান অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

(জ) দেশের খনিজ সম্পদ, তার ব্যবহার ও রপ্তানি যদি থাকে, এর রেকর্ড সংরক্ষণ।

(ঝ) খনিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান প্রণয়ণ ও সংশোধনে পরামর্শ প্রদান।

(ঞ) খনিজের রয়্যালটি ও অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়।

## সেকশন ২
## খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র আউটকাম (Outcome)

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ নিয়ন্ত্রণ | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদানকৃত | সংখ্যা | ৬১ | ৬৫ | ৭০ | ৭৫ | ৮০ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও স্থানীয় প্রশাসন | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও স্থানীয় প্রশাসন |
| খনিজ সম্পদের রয়্যালটি ও সরকারি অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায় বৃদ্ধি | মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণকৃত | কোটি টাকা | ৩৬.০২ | ৪৮.৩০ | ৪৫ | ৪৮ | ৫০ | জিএসবি ও স্থানীয় প্রশাসন | জিএসবি ও স্থানীয় প্রশাসন |
| খনিজ সম্পদের অবৈধ উত্তোলন রোধ | সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রনয়নকৃত | সংখ্যা | ০৮ | ১০ | ১২ | ১৬ | ১৮ | জিএসবি ও স্থানীয় প্রশাসন | জিএসবি ও স্থানীয় প্রশাসন |

*সাময়িক

# সেকশন ৩
# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৬-১৭ (Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **দপ্তর/সংস্থার** কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ | ৩৫ | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদান | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদানকৃত | সংখ্যা | ৩৫ | ৬১ | ৬৫ | ৭০ | ৬৩ | ৫৬ | ৪৯ | ৪২ | ৭৫ | ৮০ |
| [২] খনিজ সম্পদের রয়্যালটি ও সরকারি অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায় | ৩৫ | মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণ | মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণকৃত | কোটি টাকা | ৩৫ | ৩৬.০২ | ৪৮.৩০ | ৪৫ | ৪০ | ৩৬ | ৩১ | ২৭ | ৪৮ | ৫০ |
| [৩] খনিজ সম্পদের অবৈধ উত্তোলন রোধ | ১০ | সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রনয়ন | সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রনয়নকৃত | সংখ্যা | ১০ | ০৮ | ১০ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১৫ | ১৮ |

*সাময়িক

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য
## (মোট মান- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান (২০১৬-১৭) (Target Value (2016-17) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মনত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষন | ত্রৈমাসিক প্রতিবেদন দাকিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | | |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |
| | | সেবা প্রক্রিয়ার উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (watting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি,পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি),বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট দপ্তর কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

পরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

২৯।৬।২০১৬
তারিখ

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২৯-০৬-২০১৬
তারিখ

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ (Acronyms)

| | | |
|---|---|---|
| বিএমডি | ব্যুরো অব মিনারেল ডিভোলপমেন্ট | (খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো) |
| এইচআর | হিউম্যান রিসোর্স | (মানব সম্পদ) |
| এপিএ | এ্যানুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট | (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) |
| বিআইপি | বাজেট ইমপ্লিমেন্টশন প্লান | (বাজেট প্রয়োগ পরিকল্পনা) |
| বিএমসি | বাজেট ম্যানেজমেন্ট কমিটি | (বাজেট ব্যবস্থাপনা কমিটি) |
| সিসি | সিটিজেন চার্টার | (নাগরিক সেবা) |
| এফডি | ফাইন্যান্স ডিভিশন | (অর্থ বিভাগ) |
| এফওয়াই | ফিন্যান্সিয়াল ইয়ার | (অর্থবছর) |
| জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম | (অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন) |
| জিএসবি | জিওলজিক্যাল সার্ভে অব বাংলাদেশ | (বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর) |
| আইএসও | ইন্টারন্যাশনাল অরগানাইজেশনাল স্ট্যান্ডারাইজেশন | (আন্তর্জাতিক মান সম্মত) |
| এনআইএস | ন্যাশনাল ইন্টিগ্রিটি স্ট্র্যাটেজি | (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| পিআই | পারফরমেন্স ইন্ডিকেটর | (কর্মসম্পাদন সূচক) |
| আরটিআই | রাইট টু ইনফরমেশন | (তথ্য অধিকার) |

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপন পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদান | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদানকৃত | খনিজ অনুসন্ধান, খনি/কোয়ারী ইজারা প্রদানের লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রাথমিকভাবে খনিজের উৎস, প্রকৃতি, ব্যপ্তি ও মজুদ ইত্যাদি নির্ণয় করে লাইসেন্স অনুমোদন দেওয়া হয় | বিএমডি | বিএমডি/জিএসবি'র প্রতিবেদন | -- |
| ০২ | মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণ | মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণকৃত | অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ও কৌশলগত অন্যান্য খনিজ সম্পদের মাঠ পর্যায়ে মজুদ জেনে উত্তোলনের লক্ষ্যে সরকারী রাজস্ব ও রয়্যালিটি নির্ধারণ | বিএমডি | -- | -- |
| ০৩ | সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রনয়ন | সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রনয়নকৃত | বিধি অনুযায়ী মঞ্জুরীকৃত এলাকা মনিটরিং, অবৈধ উত্তোলন রোধ | বিএমডি | বিএমডি/জিএসবি'র প্রতিবেদন | -- |

**সংযোজনী ৩:** অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা অনুমোদন | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা অনুমোদনকৃত | প্রয়োজনীয় সহযোগিতা প্রাপ্তি | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষ | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা প্রদান সম্ভব নয় |
| স্বরাষ্ট্র মন্ত্রণালয় | প্রয়োজনীয় সহযোগিতা প্রাপ্তি | নিরাপত্তা | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী | নিরাপত্তা বিষয়ক | প্রত্যাশিত কার্য সম্পাদনে ধীরগতি |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | | পরিবেশগত উপাত্ত বিনিময় | | পরিবেশগত উপাত্ত বিনিময় | |
| আইন মন্ত্রণালয় | | আইনী সহযোগিতা | | আইনী সহযোগিতা | |
| প্রতিরক্ষা মন্ত্রণালয় | | নিরাপত্তা | সরেজমিন পরিদর্শন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন | নিরাপত্তা | |
| অর্থ মন্ত্রণালয় | | বাজেট | | প্রয়োজনীয় বাজেট ছাড় | |
| সরকারী কর্ম কমিশন | | নিয়োগ | | যথাসময়ে ১ম ও ২য় শ্রেণির নিয়োগ | |
| বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | | যথাসময়ে প্রতিনিধি মনোনয়ন ও তথ্য উপাত্ত বিনিময় | | ভূতাত্ত্বিক প্রতিবেদন, তথ্য উপাত্ত বিনিময় ও ভূতাত্ত্বিক জরিপ কার্য সম্পাদন | |
| আণবিক শক্তি কমিশন | | উপাত্ত বিনিময় | | উপাত্ত বিনিময় | |